



পুলিশ শহীদ মিনার থেকে সড়ির দেওয়ার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্ডারগ্রাডুয়েট সন্মেলন সাময়িক ভূটপাতে অবস্থান নেন নন-এমপিওতন্ত্র শিক্ষকরা। এ সময় একজন শিক্ষক কানায় তেড়ে পড়েন ● ছবি: প্রথম আলো

নন-এমপিও শিক্ষকদের কর্মসূচি শহীদ মিনারে অনশনে আবারও পুলিশের বাধা

নিজস্ব প্রতিবেদক ●

আন্দোলনেরও নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের গতকাল শনিবারও কেন্দ্রীয় শহীদ মিনারে কর্মসূচি পালন করতে দেখিনি পুলিশ। পরে তাঁরা সোহরাওয়ার্দী উদ্যানে মুক্ত-মঞ্চে বিকেল পর্যন্ত অনশন পালন করেন। ওক্রবারও পুলিশের বাধা পেয়ে উদ্যানে অবস্থান নিয়েছিলেন আন্দোলনকারীরা।

ঐক্যজোটের সভাপতি মো. এশরাফত আলী বলেছেন, আজ রোববার সকাল ১০টার মণরাজারে অবস্থিত জাতীয় মানবাধিকার কমিশন কার্যালয়ের সামনে অনশন পালন করা হবে।

আন্দোলনেরও শিক্ষক-কর্মচারীরা জানান, গতকাল বেলা ১১টার দিকে শহীদ মিনারে অনশন কর্মসূচি পালনের জন্য জড়ো হতে চাইলে পুলিশ তাঁদের বাধা দেয়। পরে তাঁরা শহীদ মিনারের বিপরীত দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্ডারগ্রাডুয়েট সন্মেলন সাময়িক ভূটপাতে অবস্থান নিয়ে কর্মসূচি শুরু করেন। কিন্তু দুপুরের পর পুলিশ সেখান থেকেও তাঁদের সরে যেতে বলে। পরে শিক্ষক-কর্মচারীরা সোহরাওয়ার্দী উদ্যানে এসে কর্মসূচি পালন করেন।

স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি মাধ্যমিক স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওতন্ত্র (বেতন বাবদ মাসিক সরকারি টাকা) করাসহ চার দফা দাবিতে ৭ জানুয়ারি থেকে কর্মসূচি পালন করে আসছে শিক্ষক-কর্মচারী ঐক্যজোট। সোমবার থেকে পর পর তিন দিন জাতীয় প্রেসক্লাবের সামনে তাঁদের অবস্থান ও মন্ত্রণালয় ঘেরাও কর্মসূচিতে বাধা দেয় পুলিশ। একদিন পুলিশ-আন্দোলনকারী সংঘর্ষও হয়। বৃহস্পতিবার শহীদ মিনারে অনশন শুরু করলে কাদানে গ্যাস প্রয়োগ করে পুলিশ তাঁদের ছত্রভঙ্গ করে দেয়। ওক্রবারও বাধা দেয় পুলিশ। পুলিশ বলছে, অনুমতি না থাকায় শহীদ মিনারে কর্মসূচি করতে দেওয়া হচ্ছে না।

এমপিওতন্ত্র দাবিতে দীর্ঘদিন ধরেই আন্দোলন করে আসছে এই সংগঠনটি।

ধর্মঘট: জাতীয় শিক্ষানীতির পূর্ণাঙ্গ বাস্তবায়নসহ ১৭ দফা দাবিতে বাংলাদেশ শিক্ষক কর্মচারী ঐক্য পরিষদ গতকাল থেকে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে অবিরাম ধর্মঘট শুরু করেছে। পরিষদের সমন্বয়ক মো. জাহাঙ্গীর বলেন, প্রথম দিন সফলভাবে ধর্মঘট পালিত হয়েছে।

শিক্ষক-কর্মচারী ঐক্যজোট চাকরি জাতীয়তাবাদের দাবিতে গতকাল তৃতীয় দিনের মতো ধর্মঘট পালন করেছে। সংগঠনটির এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানিয়ে বলা হয়, ২৩ জানুয়ারি কেন্দ্রীয় শহীদ মিনারে অবস্থান কর্মসূচি পালনের জন্য অনুমতি চাওয়া হলে তা দেওয়া হয়নি। বিজ্ঞপ্তিতে এ জন্য ক্ষোভ প্রকাশ করা হয়।

শিক্ষামন্ত্রী বললেন

লড়াই আমি করছি আপনারা বাড়ি যান

নিজস্ব প্রতিবেদক, সিলেট ●

নতুন শিক্ষাপ্রতিষ্ঠান একসঙ্গে এমপিওতন্ত্র করার ক্ষেত্রে এখন 'আর্থিক কক্ষতা' সরকারের নেই বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। গতকাল শনিবার সিলেটে এক অনুষ্ঠান শেষে উপস্থিত সাংবাদিকদের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী সরকারের আর্থিক কক্ষতা না থাকার কথা জানান। তবে এ প্রশ্নে শিক্ষামন্ত্রী আন্দোলনকারী শিক্ষকদের উদ্দেশে বলেন, 'আপনাদের লড়াই আমি করছি। আপনারা নিশ্চিতে বাড়ি যান। পর্যায়ক্রমে এমপিওতন্ত্র হবে।'

বিকেল সিলেট স্টেডিয়ামে ৪২তম জাতীয় স্কুল ও মাদ্রাসা জীভা প্রতিযোগিতার উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী। অনুষ্ঠান শেষে উপস্থিত সাংবাদিকেরা এমপিওতন্ত্র দাবিতে ঢাকায় অবস্থান করে বেসরকারি শিক্ষকদের আন্দোলন প্রশ্নে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন। এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, 'আমরা দুই হাজার শিক্ষাপ্রতিষ্ঠানে এমপিওতন্ত্র করছি। এখন দাবিদার আরও পাঁচ হাজার। এতগুলো শিক্ষাপ্রতিষ্ঠানকে একসঙ্গে এমপিওতন্ত্র করার এখন আর্থিক কক্ষতা নেই। তবে আমরা পথ বের করছি। কীভাবে কী করা যায়। তাই শিক্ষকদের প্রতি আমার অনুরোধ—আপনারা শ্রেষ্ঠ মানুষ। আপনাদের কষ্ট করে আন্দোলন-লড়াই করতে হবে না। আমি আগেও বলেছি, এখনো বলি—আপনাদের লড়াই আমি করছি। আর আন্দোলন করতে হবে না। আপনারা নিশ্চিতে বাড়ি যান।'

বিগত সরকারের আমলে কিছুই হয়নি জানিয়ে শিক্ষামন্ত্রী বলেন, 'আমরা শুরু করছি। এমপিওতন্ত্র পুরো প্রক্রিয়াটি বলতে গেলে সরকারের সক্রিয় বিবেচনামূলক রয়েছে। পর্যায়ক্রমে করা হবে।'